**বঙ্গবন্ধুর দর্শন**
**সমবায়ে উন্নয়ন**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা সমবায় কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়
www.cooperative.atwari.panchagarh.gov.bd

আদেশ নং-১৬৪, তারিখঃ ০৭/০৭/২০২২ খ্রিঃ।

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত নিম্ন-বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করা হলোঃ

| ক্র. নং | নাম, পদবী ও কর্মস্থল | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | জনাব রোকেয়া খাতুন<br>উপজেলা সমবায় অফিসার<br>আটোয়ারী, পঞ্চগড়। | আহবায়ক |
| ২. | জনাব মোঃ ইকবাল হোসেন<br>সহকারী পরিদর্শক<br>উপজেলা সমবায় কার্যালয়<br>আটোয়ারী, পঞ্চগড়। | সদস্য সচিব<br>ও<br>ফোকাল পয়েন্ট |

**কমিটির কার্যপরিধি: (TOT):**

১. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ২০২২-২৩ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করবেন;
২. উক্ত কমিটির ফোকাল পয়েন্ট প্রতি ত্রৈমাসিক/ষান্মাসিক/বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক উপজেলা সমবায় অফিসার, আটোয়ারী, পঞ্চগড় এর নিকট উপস্থাপন করবেন;
৩. অত্র দপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনাবাস্তবায়ন ও মূল্যায়ন প্রতিবেদন উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী এর ওয়েব পোর্টাল এবং জেলা সমবায় অফিসার, পঞ্চগড় মহোদয়ের নিকট প্রেরণ করবেন।

০৭/০৭/২২

রোকেয়া খাতুন
উপজেলা সমবায় কর্মকর্তা
আটোয়ারী, পঞ্চগড়
ফোনঃ ০২৫৮৯৯-৪২৮৪২
ucoatwari@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-
১. যুগ্ম-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
২. জেলা সমবায় অফিসার, পঞ্চগড়।
৩. জনাব ........................................................................./সহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড়।
৪. অফিস কপি।

২.১/২

**"বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন"**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমবায় কার্যালয়**
**আটোয়ারী, পঞ্চগড়**
http://cooperative.atwari.panchagarh.gov.bd/

স্মারক-৪৭.৬১.৭৭০৪.০০০.০৫.০০৩.২২-২৩৮, তারিখঃ ২০-০৯-২০২২খ্রিঃ।

**বিষয়ঃ উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর ই-নথি লাইভে দেয়া প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের অংশের উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের কর্ম-পরিকল্পনার [২.১] ই-নথির ব্যবহার বিষয়ে বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর ০২(দুই) জন বিভিন্ন সময়ে প্রশিক্ষণ গ্রহণ করলেও শুধুমাত্র ই-নথি লাইভে না থাকায় ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের কর্ম-পরিকল্পনার [২.১] ই-নথির ব্যবহার করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের অংশের উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের কর্ম-পরিকল্পনার [২.১] ই-নথির ব্যবহার করার জন্য ই-নথি লাইভে দেয়ার জন্য সবিনয় অনুরোধ করছি।

**প্রাপক**
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আটোয়ারী, পঞ্চগড়।

**স্বাক্ষর/-রোকেয়া খাতুন**
উপজেলা সমবায় অফিসার
আটোয়ারী, পঞ্চগড়
☎০২৫৮৯৯৪২৮৪২
ই-মেইল: ucoatwari@gmail.com.

স্মারক-৪৭.৬১.৭৭০৪.০০০.০৫.০০৩.২২-২৩৮/১(২), তারিখঃ ২০-০৯-২০২২খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। জেলা সমবায় অফিসার, পঞ্চগড়।
২। অফিস কপি।

২০/৯/২২

উপজেলা সমবায় অফিসার
আটোয়ারী, পঞ্চগড়।

২.৭/১

**"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়
http://cooperative.atwari.panchagarh.gov.bd/

# "ই-নথি ব্যবহার বৃদ্ধি" সংক্রান্ত প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের অংশের উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২.১.১ অনুযায়ী ১ম ত্রৈমাসিকে জুলাই,২০২২ হতে সেপ্টেম্বর,২০২২ পর্যন্ত অত্র কার্যালয়ে ই-নথি লাইভে দেয়া হয়নি। ই-নথি লাইভে দেযার বিষয়ে অত্র দপ্তরের স্মারক নং-২৩৮, তারিখঃ ২০-৯-২০২২ খ্রিঃ মূলে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটোয়ারী, পঞ্চগড় বরাবরে পত্র দেয়া হয়েছে। ফলে ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২.১.১ অনুযায়ী "ই-নথি ব্যবহার বৃদ্ধি" সংক্রান্ত বিষয়ে ১০০% অর্জন হয়েছে। এ সংক্রান্ত রেকর্ডপত্র অত্র উপজেলা সমবায় কার্যালয়ে সংরক্ষিত আছে।

২৯/৯/২২
**রোকেয়া খাতুন**
উপজেলা সমবায় অফিসার
আটোয়ারী, পঞ্চগড়
☎০২৫৮৯৯৪২৮৪২
ই-মেইল: ucoatwari@gmail.com

**"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়**
http://cooperative.atwari.panchagarh.gov.bd/

## "তথ্য বাতায়ন হালনাগাদকরণ" সংক্রান্ত প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের অংশের উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ৩.১.১ অনুযায়ী ১ম ত্রৈমাসিকে জুলাই,২০২২ হতে সেপ্টেম্বর,২০২২ পর্যন্ত অত্র কার্যালয়ের তথ্য বাতায়ন নিম্নলিখিতভাবে হালনাগাদ করা হয়েছে:

| ক্রঃ নং | মেনু/ সেবা বক্সের নাম | হালনাগাদের বিষয়বস্তু | সর্বশেষ হালনাগাদের তারিখ |
|---|---|---|---|
| ০১। | সমবায় সমিতির তালিকা | প্রাথমিক সমিতির তালিকা, কেন্দ্রীয় সমিতির তালিকা, কার্যকর ও অকার্যকর সমিতির তালিকা ও সফল সমিতি সমূহ | ২৮/০৯/২০২২ |
| ০২। | জাতীয় শুদ্ধাচার কৌশল | বার্ষিক কর্মপরিকল্পনা সমূহ, কমিটির সভা/প্রমানক/মূল্যায়ন/ প্রতিবেদন | ২৮/০৯/২০২২ |
| ০৩। | ই-গর্ভন্যান্স/উদ্ভাবন | ই-গর্ভান্যান্স ও উদ্ভাবন কমিটির সভা/প্রমানক/মূল্যায়ন/প্রতিবেদন, কর্মপরিকল্পনা ও উদ্ভাবনী প্রকল্পসমূহ | ২৮/০৯/২০২২ |
| ০৪। | বাজেট ও প্রকল্পসমূহ | প্রাপ্ত বাজেট, ক্রয় পরিকল্পনা, আশ্রয়ন প্রকল্প ও উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্প | ২৮/০৯/২০২২ |
| ০৫। | পরিসংখ্যান ও অন্যান্য | বার্ষিক পরিসংখ্যান, ত্রৈমাসিক পরিসংখ্যান, ষান্মাষিক তথ্য, নির্বাচনী ক্যালেন্ডার | ২৮/০৯/২০২২ |
| ০৬। | প্রতিবেদন ও প্রকাশনা | বার্ষিক প্রতিবেদন, কো-অপারেশন জার্নাল, সমবায় পত্রিকা ও সমবায় বার্তা | ২৮/০৯/২০২২ |
| ০৭। | আমাদের বিষয়ে | কর্মকর্তা, কর্মচারীবৃন্দ, সাংঠনিক কাঠামো ও যোগাযোগ | ২৮/০৯/২০২২ |
| ০৮। | সেবা প্রদান প্রতিশ্রুতি | সেবার তালিকা, কর্মপরিকল্পনা/ কমিটি/সভা/প্রমানক/মূল্যায়ন/ প্রতিবেদন,সিটিজেন্স চার্টার | ২৮/০৯/২০২২ |
| ০৯। | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা | কর্মপরিকল্পনা/ কমিটি/সভা/প্রমানক/মূল্যায়ন/ প্রতিবেদন, অনিক ও আপিল কর্মকর্তা | ২৮/০৯/২০২২ |
| ১০। | তথ্য অধিকার | তথ্য প্রদানকারী কর্মকর্তা,কমিটি/সভা/প্রমানক/মূল্যায়ন/ প্রতিবেদন, স্ব-প্রনোধিতভাবে প্রকাশযোগ্য তথ্য | ২৮/০৯/২০২২ |
| ১১। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, প্রতিবেদন এবং মূল্যায়ন প্রতিবেদন | ২৮/০৯/২০২২ |

এ সংক্রান্ত রেকর্ডপত্র(হার্ডকপি) অত্র উপজেলা সমবায় কার্যালয়ে সংরক্ষিত আছে।

রোকেয়া খাতুন
উপজেলা সমবায় অফিসার
আটোয়ারী, পঞ্চগড়
০২৫৮৯৯৪২৮৪২
ই-মেইল: ucoatwari@gmail.com

৪.৭/১

**"বঙ্গবন্ধুর দর্শন**
**সমবায়ে উন্নয়ন"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়
http://cooperative.atwari.panchagarh.gov.bd/

স্মারক-৪৭.৬১.৭৭০৪.০০০.০৫.০০৩.২২-২১১,                                         তারিখঃ ০৪-০৯-২০২২খ্রিঃ

**বিষয়ঃ ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা,২০২২-২০২৩ বাস্তবায়নের আওতায় "৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা" এ অংশগ্রহন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের অংশের উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর আওতায় **"ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা"** বাস্তবায়ন সংক্রান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদিত হয়েছে। উক্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় **"ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন** কর্ম-পরিকল্পনা,২০২২-২০২৩" এর ৪.১ অংশের **"৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা"** আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। সে অনুযায়ী উপজেলা সমবায় কার্যালয়,আটোয়ারী এর উদ্দ্যোগে আগামী ১২/০৯/২০২২খ্রিঃ তারিখ রোজ সোম সকাল ১১.০০ ঘটিকার সময় **উপজেলা পরিষদ হলরুম**, আটোয়ারী, পঞ্চগড় এ **"৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা"** আয়োজন করা হয়েছে।

এমতাবস্থায়, উল্লেখিত তারিখ, স্থান ও সময়ে অনুষ্ঠিতব্য **"৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা"** উপস্থিত থাকবার জন্য সবিনয়ে অনুরোধ করছি।

প্রাপক,
সভাপতি/সম্পাদক
.................................................................................................................সমবায় সমিতি লিঃ
গ্রামঃ......................................... ডাকঘরঃ...............................
আটোয়ারী,পঞ্চগড়।

(স্বাক্ষর) ৪/৯/২২
রোকেয়া খাতুন
উপজেলা সমবায় অফিসার
আটোয়ারী, পঞ্চগড়
☎০২৫৮৯৯৪২৮৪২
ই-মেইল: ucoatwari@gmail.com.

সদয় জ্ঞাতার্থেঃ
১। জেলা সমবায় অফিসার, পঞ্চগড়।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড়।
৩। উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড়।

8.1/2

# পঞ্চগড় জেলার আটোয়ারী উপজেলার ২০২২-২০২৩ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক ই-গভ্যার্নান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা,২০২২-২০২৩ বাস্তবায়নের আওতায় "৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা" এর কার্যবিবরণী

উপজেলাঃ- আটোয়ারী, পঞ্চগড়।

মাসের নামঃ- সেপ্টেম্বর/২০২২খ্রিঃ
স্থানঃ- উপজেলা পরিষদ হলরুম আটোয়ারী, পঞ্চগড়।
তারিখঃ-১২-০৯-২০২২খ্রিঃ
সময়ঃ- সকাল ১০.০০ টা-বিকাল ৫.০০ টা

প্রশিক্ষণে উপস্থিত ২৫জন সমিতির সদস্যর তালিকা (পরিশিষ্ট-'ক') তে সন্নিবেশিত।

পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠের মাধ্যমে ২০২২-২০২৩ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা,২০২২-২০২৩ বাস্তবায়নের আওতায় ৪.১ অংশের "৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা" শুরু হয়। উক্ত সভায় উপস্থিত অংশগ্রহনকারীগনের তথ্য ও স্বাক্ষর আলাদা পাতায় সংগ্রহ করা হয়। জনাব রোকেয়া খাতুন, উপজেলা সমবায় অফিসার, আটোয়ারী পঞ্চগড় সভার উদ্দেশ্য ও উপকারিতা সম্পর্কে সমবায়ীদের ব্যাখ্যাদানপূর্বক এরূপ সভায় উপস্থিত হওয়ার জন্য সবাইকে স্বাগত জানিয়ে আনুষ্ঠানিকভাবে সভার শুরু করেন।

প্রশিক্ষণের শুরুতে উপস্থিত সকলকে অবহিত করেন যে, মানব সভ্যতার ইতিহাসে এখন পর্যন্ত তিনটি শিল্প বিপ্লব পাল্টে দিয়েছে সারা বিশ্বের গতিপথ ও জীবনধারা। প্রথম শিল্প বিপ্লবটি হয়েছিল ১৭৮৪ সালে বাষ্পীয় ইঞ্জিন আবিষ্কারের মাধ্যমে। এরপর ১৮৭০ সালে বিদ্যুত ও ১৯৬৯ সালে ডিজিটাল ইলেকট্রনিক্সের আবিষ্কার ও প্রচলন শিল্প বিপ্লবের গতিকে বাড়িয়ে দেয় কয়েক গুণ। তবে আগের তিনটি বিপ্লবকে ছাড়িয়ে সারা দুনিয়ায় তোলপাড় সৃষ্টি করে নবরূপে আবির্ভূত হয় ইন্টারনেট প্রযুক্তি। এই ইন্টারনেট প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা আর মেশিন লার্নিংয়ের কল্যাণে এখন যে বিপ্লব শুরু হয়েছে তাকেই বলে চতুর্থ শিল্পবিপ্লব। এখন আমরা এক প্রযুক্তিগত পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছি। দ্বিতীয় ও তৃতীয় শিল্পবিপ্লবের ভিত্তির ওপর শুরু হওয়া ৪র্থ শিল্পবিপ্লব তথা ডিজিটাল এ বিপ্লবের ফলে সবকিছুর পরিবর্তন হচ্ছে গাণিতিক হারে, যা আগে কখনও হয়নি। ডিজিটাল বিপ্লব বাংলাদেশের মানুষের দীর্ঘদিনের স্বপ্ন 'সোনার বাংলা' বাস্তবায়নে সহায়তা করবে। ইন্টারনেটের আবির্ভাব এবং বহুমুখী ব্যবহারের ফলে ইতিমধ্যেই ব্যক্তিজীবন, সমাজ এবং রাষ্ট্রে এক অভাবনীয় পরিবর্তন হতে শুরু করেছে। প্রযুক্তি নির্ভরতা ছাড়া আমাদের দুটি ভিশনের কোনটিই অর্জন সম্ভব নয়। আর ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা এবং সুযোগ কাজে লাগানোর যথাযথ কৌশল অবলম্বন ছাড়া বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকাও সম্ভব হবে না। উপরের চিত্র থেকে এটা পরিষ্কার যে, একদিকে দেশে দেশে চলছে কর্মীর কাজ হারানোর ঝুঁকি অন্যদিকে চলছে মারাত্মক দক্ষতা সঙ্কট। মনে রাখতে হবে, উন্নত বিশ্বের দেশগুলো কর্মক্ষম দক্ষ জনবলের সঙ্কটে নিমজ্জিত হয়ে অনন্যোপায় হয়ে কৃত্রিম বুদ্ধিমত্তার তথা ৪র্থ শিল্প বিপ্লবের নব নব আবিষ্কারকে স্বাগত জানাচ্ছে, জীবনকে আরও গতিশীল ও স্বাচ্ছন্দ্যময় করার জন্য। অন্যদিকে আমরা এখন ডেমোগ্রাফিক ডিভিডেন্ডের অনন্য সোনালী সুযোগের মোক্ষম সময়ে অবস্থান করছি। ২০৩০ সাল যেমন জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের আন্তর্জাতিক বছর। বাংলাদেশ এখন ডেমোগ্রাফিক ডেভিডেন্ডের অনন্য সোনালি সুযোগের মোক্ষম সময়ে অবস্থান করছে বাংলাদেশ। ২০৩০ সাল যেমন জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের আন্তর্জাতিক বছর। আবার সেই বছরটিই আমাদের সর্বোচ্চ কর্মক্ষম মানুষের দেশ (১৫ থেকে ৬৪ বছর বয়সের মানুষ) বা সর্বনিম্ন নির্ভরশীল মানুষের দেশ হওয়ার বছর। এ সুযোগকে আমরা বলি 'গোল্ডেন অপরচুনিটি ফর বাংলাদেশ'। এ গোল্ডেন অপরচুনিটিকে কাজে লাগানোর জন্য প্রয়োজন সমন্বিত Strategic Workforce Plan বা কৌশলগত শ্রমশক্তি পরিকল্পনা যার ছয়টি স্তর হচ্ছে- ১. কৌশলগত দিক-নির্দেশনা প্রদান ২. কর্মসংস্থানের লক্ষ্যে যোগ্য জনবলের সরবরাহ বিশ্লেষণ ৩. কর্মসংস্থানের চাহিদার বিশ্লেষণ ৪. সরবরাহ ও চাহিদার ব্যবধান বিশ্লেষণ ৫. সমাধাণ সূত্রায়ন,

প্রয়োজনীয় ইন্টারভেনশন এরিয়া ও কর্মপরিকল্পনা নির্ধারণসহ বাস্তবায়ন ৬. বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ কৌশলগত কর্মসংস্থান পরিকল্পনা বাস্তবায়নে গবর্নেন্সের ত্রিমাত্রিক অনুশীলন এখন সময়ের দাবি। প্রযুক্তিভিত্তিক সমাজ ব্যবস্থা গড়ে তোলার জন্য প্রযুক্তির মানুষকে যথাযথ মূল্যায়ন করতে হবে। দক্ষতার যথাযথ মূল্যায়ন করে কারগরি শিক্ষার হার বৃদ্ধি করে সাধারণ শিক্ষার মান উন্নয়নের পাশাপাশি মানসম্মত কারিগরি শিক্ষার সর্বপ্রকার প্রসার ঘটাতে হবে। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এখনই দেশের চাহিদা ও প্রযুক্তিভিত্তিক মানব সম্পদ গড়ে তুলতে দেশের সকল প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরিবিষয়ক শিক্ষার কোর্স চালু করতে হবে। দেশের অর্থনৈতিক ভিত্তি মজবুত করা ও আর্থিক খাতকে সাইবার নিরাপত্তা প্রদানের জন্য তৈরি করতে হবে সাইবার নিরাপত্তা ব্যবস্থা। এজন্য প্রয়োজন হাজার হাজার আইসিটি ও সাইবার নিরাপত্তা কর্মী ও ব্যবস্থাপক। এজন্য এখনই কারিগরি শিক্ষার মাধ্যমিক পর্যায় থেকে শিক্ষার্থীদের একটি বড় অংশকে তথ্য প্রযুক্তিমনস্ক করে গড়ে তুলতে হবে। এমন একটি তথ্যপ্রযুক্তির দক্ষ প্রজন্ম তৈরি করতে হবে, যাতে ২০২৫ সালের পরে দেশ আর্থিক, সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রসমূহে ৪র্থ শিল্প বিপ্লবের প্রভাব মোকাবেলা করতে পারে। মনে রাখতে হবে, মানহীন সনদধারী দ্বারা এ যজ্ঞ সম্পন্ন করা যাবে না। দক্ষ মানব সম্পদ সৃষ্টি করতে পারলেই প্রযুক্তিগত উন্নয়নের সকল ক্ষেত্রে আমরা সঠিকভাবে এগুতে পারব। তাহলেই সম্ভব হবে অতিরিক্ত কর্মক্ষম জনমানবকে কাজে লাগানো আর মোকাবেলা করা চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ। মোকাবেলা ও উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা।

উপজেলা সমবায় অফিসার অতঃপর অদ্যকার "৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা" এর সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষর/-রোকেয়া খাতুন
উপজেলা সমবায় অফিসার
আটোয়ারী, পঞ্চগড়
ও
আহবায়ক
ই-গভার্নান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা,২০২২-২০২৩ বাস্তবায়ন কমিটি।

স্মারকনং- ৪৭.৬১.৭৭০৪.০০০.০৫.০৩.২২-২২২, তারিখ: ১২/০৯/২০২২ খ্রি.।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

১. যুগ্ম-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
২. জেলা সমবায় অফিসার, পঞ্চগড়।
৩. জনাব ............................................................................................/সহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড়।
৪. অফিস কপি।

১২/৯/২২

রোকেয়া খাতুন
উপজেলা সমবায় অফিসার
আটোয়ারী, পঞ্চগড়
☎০২৫৮৯৯৪২৮৪২
ই-মেইল: ucoatwari@gmail.com.

৫.১.৭/২

**বঙ্গবন্ধুর দর্শন**
**সমবায়ে উন্নয়ন**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা সমবায় কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়
www.cooperative.atwari.panchagarh.gov.bd

স্মারকনং- ৪৭.৬১.৭৭০৪.০০০.০৫.০৩.২২- ২৪০ ,                                        তারিখ : ২২/০৯/২০২২ খ্রি.।

## নোটিশ

বিষয়: উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পা,২০২২-২০২৩ এর **"বাস্তবায়ন কমিটির সভা/প্রশিক্ষণ"** আহবান প্রসঙ্গে।

২০২২-২৩ অর্থ বছরের উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পা,২০২২-২০২৩ এর বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর কমিটির সকল সদস্যবৃন্দের অংশগ্রহণে **"বাস্তবায়ন কমিটির সভা/প্রশিক্ষণ"** কমিটির সভা আগামী ২৬/০৯/২০২২খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকার সময় উপজেলা সমবায় অফিসার, আটোয়ারী, পঞ্চগড় এর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্টদের যথাসময়ে উপস্থিত থাকা জন্য বলা হলো।

২২/০৯/২২

**রোকেয়া খাতুন**
উপজেলা সমবায় অফিসার
আটোয়ারী, পঞ্চগড়
ও
আহবায়ক
ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পা বাস্তবায়ন কমিটি।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

১. যুগ্ম-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
২. জেলা সমবায় অফিসার, পঞ্চগড়।
৩. জনাব ......................................................................................../সহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড়।
৪. অফিস কপি।

৫.১.১/২

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের অংশের উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গঠিত **""বাস্তবায়ন কমিটির সভা/প্রশিক্ষণ""** সভায় উপস্থিতির স্বাক্ষর

স্থান : উপজেলা সমবায় কার্যালয়
আটোয়ারী অফিস কক্ষ।
তারিখ : ২৬/০৯/২০২২ খ্রি.।
রোজ : সোমবার।
সময় : সকাল ১০:০০ ঘটিকা।

| ক্র. নং | নাম, পদবী ও কর্মস্থল | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব রোকেয়া খাতুন<br>উপজেলা সমবায় অফিসার<br>আটোয়ারী, পঞ্চগড়<br>ও<br>আহবায়ক<br>ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পা বাস্তবায়ন কমিটি | রোকেয়া 26/09/22 |
| ২. | জনাব মোঃ ইকবাল হোসেন<br>সহকারী পরিদর্শক<br>উপজেলা সমবায় কার্যালয়<br>আটোয়ারী, পঞ্চগড়।<br>ও<br>সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট<br>ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পা বাস্তবায়ন কমিটি | ইকবাল 26/09/22 |

৫.১.১/৬

**উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী,পঞ্চগড় এর ২০২২-২৩ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গঠিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভার কার্য-বিবরণী:**

| | | |
|---|---|---|
| স্থান | : | উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় মহোদয় এর অফিস কক্ষ। |
| তারিখ | : | ২৬/০৯/২০২২ খ্রি.। |
| রোজ | : | সোমবার। |
| সময় | : | সকাল ১০:০০ ঘটিকা। |

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট-'ক') তে সন্নিবেশিত।**

জনাব রোকেয়া খাতুন, উপজেলা সমবায় অফিসার, আটোয়ারী, পঞ্চগড় ও আহবায়ক, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় অদ্যকার সভার সভাপতিত্ব করেন। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করার জন্য জনাব মোঃ ইকবাল হোসেন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় কে বলেন।

এরপর সভাপতির নির্দেশনার প্রেক্ষিতে আলোচ্য সূচি মোতাবেক আলোচনা করা হয় এবং সভায় নিম্ন-লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনার বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/ কর্মচারী |
|---|---|---|---|
| ০১। | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভায় বিগত ০৫/০৬/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভার কার্য-বিবরণী পাঠ করা হয়। উক্ত কার্য-বিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সভায় অনুমোদন করা হয়। | জনাব মোঃ ইকবাল হোসেন সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |
| ০২। | সভায় উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর ২০২২-২৩ অর্থ বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা পর্যালোচনা করা হয়। কর্ম পরিকল্পনার [১.১] একটি উদ্ভাবনী ধারণা/ সেবা সহজি করণ/ডিজিটাইজেশন এই সূচকের অর্জন আগামী ১৬/০৩/২০২৩খ্রি. তারিখের মধ্যে অর্জন করতে হবে মর্মে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, অত্র কার্যালয়ে ০৩টি উদ্ভাবনী প্রকল্প চলমান রয়েছে, যা নিম্নরূপ:<br>১। "সমবায়ীদের উৎপাদিত পণ্য ন্যায্যমূল্যে বাজারজাতকরণ"<br>২। "সমিতি নিবন্ধন সহজীকরণ ও টেকসই সমবায় সমিতি গঠন"<br>৩। "চাহিদা ভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান" | উল্লিখিত ০৩টি উদ্ভাবনী প্রকল্প চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উদ্ভাবন প্রকল্প বাস্তবায়ন টিম |
| ০৩। | সভায় কর্ম পরিকল্পনার [২.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সভায় আহবায়ক সকলকে অবহিত করেন যে, অত্র উপজেলায় ই-নথি লাইভে নেই, বিধায় তা ব্যবহার করা সম্ভব হচ্ছে না। এটুআই সাথে যোগাযোগ করে জানা যায়, আগামীতে ডি-নথি চালু হবে। তাই তারা বর্তমানে নতুন করে ই-নথি কোন অফিসকে নতুন করে লাইভে দিচ্ছে না। | সভায় ই-নথি লাইভে দেয়ার বিষয়ে অত্র উপজেলার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের "সহকারী প্রোগ্রামার" কে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | জনাব রোকেয়া খাতুন উপজেলা সমবায় অফিসার আটোয়ারী, পঞ্চগড় ও আহবায়ক, ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পা বাস্তবায়ন কমিটি |

৫.২.৭/৪

| ক্র. নং | আলোচনার বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/ কর্মচারী |
|---|---|---|---|
| ০৪। | কর্ম পরিকল্পনার [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ। সভায় তথ্য বাতায়ন উপস্থাপন করা হয়। তথ্য বাতায়ন পর্যালোচনায় দেখা যায়, অত্র উপজেলার তথ্য বাতায়নটি হালনাগাদ করা আছে। | এবারের ন্যায় প্রতিনিয়ত তথ্য বাতায়ন হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | জনাব মোঃ ইকবাল হোসেন, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |
| ০৫। | কর্ম পরিকল্পনার [২.১] ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন প্রসঙ্গে। সভায় অবহিত করা হয় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা আওতায় ২০২২-২০২৩ বছরে বর্ণিত বিষয়ের উপর ০২টি সভা/কর্মশালা আয়োজন করতে হবে। কাজেই ১ম কোয়াটারে ১টি ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করণীয় বিষয়ে অবহিতকরণ সভা করা যেতে পারে। | বিস্তারিত আলোচনা শেষে ১ম কোয়াটারে ১টি ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করণীয় বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | জনাব মোঃ ইকবাল হোসেন সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |
| ০৬। | কর্ম পরিকল্পনার [৫.১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন। সভায় সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট অবহিত করেন যে, তথ্য বাতায়ন হালনাগাদ করা ও ই-নথির বিষয়ে কমিটির সদস্যদের অজ্ঞতা রয়েছে। সভায় কমিটির আহবায়ক তাৎক্ষনিকভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করা ও ই-নথির বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। এতে করে কমিটির সদস্যগণ তথ্য বাতায়ন হালনাগাদ করা ও ই-নথির বিষয়ে ধারণা লাভ করে। | বিস্তারিত আলোচনা শেষে কমিটির সকল সদস্যকে তথ্য বাতায়ন হালনাগাদ করা ও ই-নথির বিষয়ে অভিজ্ঞ হাওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | জনাব রোকেয়া খাতুন উপজেলা সমবায় অফিসার আটোয়ারী, পঞ্চগড় ও আহবায়ক, ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পা বাস্তবায়ন কমিটি |

৫. বিবিধ : সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষর/-রোকেয়া খাতুন
উপজেলা সমবায় অফিসার
আটোয়ারী, পঞ্চগড়
ও
আহবায়ক
ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি।

স্মারকনং- ৪৭.৬১.৭৭০৪.০০০.০৫.০৩.২২-২৪৪, তারিখ : ২৬/০৯/২০২২ খ্রি.।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

৫. যুগ্ম-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
৬. জেলা সমবায় অফিসার, পঞ্চগড়।
৭. জনাব ................................................................................/সহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড়।
৮. অফিস কপি।

২৬/৯/২২

রোকেয়া খাতুন
উপজেলা সমবায় অফিসার
আটোয়ারী, পঞ্চগড়
☎০২৫৮৯৯৪২৮৪২
ই-মেইল: ucoatwari@gmail.com.